AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 17.07.2024 Time: 7.50 P.M.

**বিশেষ বিশেষ খবর –**

১) ২০২৬ এর রাজ্য বিধানসভা নির্বাচনের দিকে তাকিয়ে দলকে আরও শক্তিশালী করার ডাক দিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। দলের কর্ম সমিতির বর্ধিত বৈঠকে আজ বিরোধী দলনেতার সংখ্যালঘু মন্তব্যকে কেন্দ্র করে তীব্র বিতর্কের সৃষ্টি হয়।

তৃণমূল কংগ্রেস বলেছে, বিজেপির ভেতরেই গোষ্ঠী কোন্দল চলেছে। পরাজয়ের হতাশায় ভুগছে তারা।

২) ২১শে জুলাই থেকে ২৬শে জুলাই পর্যন্ত রাজ্যব্যাপী গণতন্ত্র হত্যা সপ্তাহ পালন করবে বিজেপি।

৩) সাধারণ মানুষকে কম খরচে উন্নত বাস পরিষেবা দিতে বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ অংশীদারিত্বে ছ'টি বাস রুটকে আজ বেসরকারি হাতে তুলে দিয়েছে রাজ্য সরকার।

৪) কুলতলি কান্ডে মূল অভিযুক্ত সাদ্দাম সর্দারের এক সাগরেদকে পুলিশ পাকড়াও করেছে ।

৫) যথাযথ ধর্মীয় মর্যাদায় আজ রাজ্য জুড়ে পালিত হচ্ছে মহরম।

---

২০২৬ এর রাজ্য বিধানসভা নির্বাচনের দিকে তাকিয়ে দলকে আরও শক্তিশালী করার ওপর জোর দিয়েছেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। আজ কলকতার সায়েন্স সিটি অডিটোরিয়ামে দলের কর্মসমিতির বর্ধিত বৈঠকে পরিসংখ্যান দিয়ে তিনি বলেন, সাম্প্রতিক লোকসভা নির্বাচনে রাজ্যের বিজেপির আসন সংখ্যা কমলেও, শতাংশের হিসাবে ২০২১ এর বিধানসভা নির্বাচনের তুলনায় ভোট বেড়েছে। পারস্পরিক মতান্তর যেন মনান্তর না হয়, তার আবেদন জানিয়ে শ্রী মজুমদার বলেন, দলের সবাইকে একজোট হয়ে লড়াইয়ে নামতে হবে।

এদিকে, বৈঠেক বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সংখ্যালঘু মোর্চা সেল এবং প্রধানমন্ত্রীর সব কা সাথ, সব কা বিকাশ স্লোগান নিয়ে মন্তব্যে শুরু হয়েছে বিতর্ক।

সুকান্ত মজুমদার বলেছেন, দল তাঁর এই বক্তব্যকে সমর্থন করে না।

বাইট সুকান্ত

পরে শুভেন্দু অবশ্য তাঁর মন্তব্যের ব্যাখ্যা দিয়ে বলেন, তাঁদেরকে হিন্দুত্ববাদী দল হিসাবে যে তকমা দেওয়া হয়, সেটা ঠিক নয়।

বাইট শুভেন্দু

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ শুভেন্দুর বক্তব্যকে কটাক্ষ করে বলেছেন, বিজেপির ভেতরেই গোষ্ঠী কোন্দল চলেছে। মানুষের সঙ্গে, বাংলার উন্নয়নের সঙ্গে রাজ্য বিজেপি নেতৃত্বের কোনো সম্পর্ক নেই। প্রধানমন্ত্রীর স্লোগানই মানছেন না তাঁর দলের নেতা।

বাইট কুনাল

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, বিজেপি বিভাজনের রাজনীতিতে বিশ্বাসী। সেই কারণেই দেশের মানুষ তাদের প্রত্যাখ্যান করতে শুরু করেছে।

আজকের বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী, প্রবীণ বিজেপি নেতা মনোহর লাল, বাংলার হৃত গৌরব ফিরিয়ে আনতে লড়াইয়ের ডাক দিয়ে বলেন, প্রথমে বামফ্রন্ট এবং পরে তৃণমূল কংগ্রেস সরকারের জন্যই গৌরব হারিয়েছে বাংলা। প্রধানমন্ত্রী যেসব জনকল্যাণমূলক প্রকল্প চালু করেছেন, রাজ্য সরকার তার সুবিধা মানুষকে পেতে দেয়নি।

---------------------

বিজেপি, ২১শে জুলাই থেকে ২৬শে জুলাই পর্যন্ত রাজ্যব্যাপী গণতন্ত্র হত্যা সপ্তাহ পালন করবে। কলকাতায় আজ দলের এক সাংগঠনিক বৈঠকের শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন,বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী একুশে জুলাই গণতন্ত্র হত্যা দিবস পালনের প্রস্তাব দিয়েছিলেন। দলের তরফে ২১ থেকে ২৬তারিখ পর্যন্ত গণতন্ত্র হত্যা সপ্তাহ পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্যের বিভিন্ন জেলায় দলের নেতাকর্মীরা তাদের সুবিধা অনুযায়ী এই কর্মসূচি পালন করবেন।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, তিনি নবান্ন অভিযানের যে প্রস্তাব দিয়েছেন দল তা গ্রহণ করেছে। এই বিষয়ে দল চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

---------------------

রাজ্য সরকারের প্রায় সব দফতরের গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজের ওপর কেন্দ্রীয়ভাবে নজরদারি চালাতে পঞ্চায়েত সচিব পি উলাগানাথনের নেতৃত্বে 'প্রজেক্ট

ম্যানেজমেন্ট ইউনিট - পিএমইউ গঠনের কাজ শেষ হয়েছে। বিভিন্ন দফতর থেকে আট জন ডব্লিউবিসিএস অফিসারকে পিএমইউ-তে বদলি করা হয়েছে। এর অতিরিক্ত সচিব হয়েছেন রাহুল মজুমদার। রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে, জরুরি প্রকল্পগুলি সময়ের মধ্যে, ঠিক ভাবে বাস্তবায়িত করতে গেলে বিভিন্ন দফতর, জেলা প্রশাসন, প্রকল্প রূপায়ণের দায়িত্বে থাকা সংস্থার মধ্যে সমন্বয় জরুরি। তাই প্রত্যেক দফতর, জেলা প্রশাসন এবং সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ রেখে নির্বাচিত প্রকল্পগুলির গতি, সমস্যা, মানুষের অভিযোগ, সমস্যার সমাধান, প্রকল্পের কার্যকারিতা, পিএমইউর মাধ্যমে সমস্তটাই দেখভাল করা হবে। তারাই প্রকল্প রূপায়ণে দ্রুততার সঙ্গে তথ্য সংগ্রহ ও পরিস্থিতি পর্যালোচনা করবে। প্রকল্পগুলির অবস্থা এবং কার্যকারিতার মূল্যায়ন করে সরকারকে রিপোর্টও দেবে পিএমইউ।

-----------------------

সাধারণ মানুষকে কম খরচে উন্নত বাস পরিষেবা দিতে বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ অংশীদারিত্ব বা পিপিপি মডেলে কলকাতা ও লাগোয়া মফস্বল এলাকার ছ'টি বাস রুটকে বেসরকারি হাতে তুলে দিল রাজ্য সরকার। পদ্ধতি মেনে টেন্ডার ডেকে ছটি রুটের মোট ৭৩ টি বাস পরিচালনার জন্য বেসরকারি সংস্থাকে দেওয়া হয়েছে বলে পরিবহন দপ্তর সূত্রে জানা গিয়েছে। বারুইপুর-হাওড়া সি-২৬ রুটের ১৪ টি বাস ইতিমধ্যেই পথে নেমেছে। বাকি বাসগুলি চলতি মাসেই চলা শুরু করবে বলে খবর। জানা গেছে, এই দফায় ধর্মতলা- আমতা ই-৬ রুটের ১২ টি, সি-২৬ বারুইপুর-হাওড়া রুটের ১৪টি, সি-৮ বারাসত-জোকা রুটের ১৮টি, এস-৪৭ ইডেন সিটি-হাওড়া রুটের ১৮টি এবং ১১এ দমদম স্টেশন-হাওড়া রুটের ১১ টি বাস পরিচালনার দায়িত্ব বেসরকারি হাতে তুলে দেওয়া হয়েছে।

নিজস্ব কন্ডাকটর ও চালক নিয়োগ করে এই সংস্থাগুলি বাস চালাবে। যাবতীয় খরচ তাদেরই বহন করতে হবে। পরিবহণ নিগমের কাছে প্রতিটি বাসের জন্য তাদের জমা রাখতে হবে এককালীন ৫০ হাজার টাকা। মাসে বাস পিছু দশ থেকে পনেরো হাজার টাকা ভাড়া দিতে হবে নিগমকে। তবে রাতে সরকারের নির্দিষ্ট ডিপোতেই বাস রাখতে হবে বলে শর্ত দেওয়া হয়েছে।

সরকারের এই পদক্ষেপকে বাস মালিকদের একাংশ সাধুবাদ জানিয়েছেন। সিটি সাবারবান বাস সার্ভিসের সাধারণ সম্পাদক টিটু সাহা বলেছেন, নতুন বাসের দাম যেভাবে বেড়ে চলেছে, তাতে অনেক বাস মালিকের পক্ষেই পুরনো বাস বাতিল করে নতুন বাস কেনা অসম্ভব হয়ে পড়েছে। সেক্ষেত্রে এই পদক্ষেপ তাদের সামনে বিকল্প পথ খুলে দিয়েছে। তাছাড়া এই সব রুটে নিয়মিত বাস পেলে যাত্রীদেরও হয়রানি অনেকটা কমবে।

----------------------

দক্ষিণ ২৪ পরগনার কুলতলির পয়তারহাটে নকল সোনা নিয়ে প্রতারণা কান্ডে মূল অভিযুক্ত সাদ্দাম সর্দারের এক সাগরেদকে পাকড়াও করেছে পুলিশ। আফতাব সর্দার নামে ঐ ব্যক্তিকে দেখতে পেয়ে পুলিশ তাড়া করলে সে ধানী জমিতে লুকনোর চেষ্টা করে। সেখান থেকেই তাকে গ্রেফতার করা হয়। এই চক্রের সঙ্গে সে জড়িত নয় বলে আফতাব দাবি করলেও, পুলিশের কাছে তা বিশ্বাসযোগ্য হয়নি। ধৃতকে আজ বারুইপুর আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজত হয়।

সাদ্দাম ও তার ভাই সাইরুল সর্দ্দার পলাতক। তবে দুজনেরই স্ত্রীকে গ্রেপ্তার করেছে পুলিশ। সাদ্দামের বাড়িতে শোওয়ার ঘরের খাটের নীচে ৪০ ফুট লম্বা সুড়ঙ্গের খোঁজ মেলার পর শোরগোল পড়া যায়।

---------------------

গণপিটুনি এবং সালিশি সভা বসিয়ে অত্যাচারের একের পর এক ঘটনার মধ্যেই এবার হাওড়ার ডোমজুড়ে চুরির অপবাদ দিয়ে পরিচারিকার বাবা, মা ও ভাইকে বাড়িতে আটকে রেখে মারধর ও চুল কেটে নেওয়ার অভিযোগে পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। অভিযুক্ত ব্যবসায়ী পরিবারের দাবি, বাড়ি থেকে ২০ লক্ষ টাকা নিয়ে পালিয়ে যায় মেয়েটি। যদিও পুলিশ জানিয়েছে, প্রেমিককে বিয়ে করার জন্য দিন ২৫ আগে মেয়েটি পালিয়ে যায়। এরপর ব্যবসায়ী পরিবারটি পরিচারিকার বাবা, মা ও ভাইকে উত্তর কলোড়া এলাকায় নিজেদের কারখানায় আটকে রেখে বেধড়ক মারধর করা হয় অভিযোগ। মাথার চুল কেটে নেওয়া হয়। সেই ভিডিও ভাইরাল হলে ঘটনাটি প্রকাশ্যে আসে। নির্যাতিতরা প্রাণের ভয়ে জগদীশপুরে এক আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়েছিলেন। খবর পেয়ে পুলিশ সেখান থেকে তাদের বাড়িতে ফিরিয়ে আনে। অভিযুক্ত সায়েন লস্কর, আবুল হাসান লস্কর ও ঈশা লস্করকে গ্রেপ্তার করেছে পুলিশ।

---------------------

কুখ্যাত গ্যাঙস্টার সুবোধ সিংকে ২০২২ এ রানীগঞ্জে সোনার দোকানে ডাকাতির একটি মামলায় আজ আসানসোল আদালতে তোলা হয়। ১৪ দিনের জেল হেফাজত হয়েছে তার। বিহারের বেউর জেলে বসেই সুবোধ সিং এ রাজ্যে খুন, ডাকাতি, অপহরণ, হামলার মতো বহু অপরাধের ছক কষতো বলে অভিযোগ। গত ৩০ শে জুন বিহার থেকে সিআইডি তাকে রাজ্যে নিয়ে আসে।

---------------------

নারদ স্টিং অপারেশনের তদন্তে সিবিআই, ফের ম্যাথু স্যামুয়েলকে তলব করেছে। ২৯ শে জুলাই ব্যাঙ্গালোরে তাকে জিজ্ঞাসাবাদের জন্য হাজির হতে বলা হলেও ম্যাথু জানিয়েছেন, ঐ সময় দেশের বাইরে থাকবেন তিনি।

উল্লেখ্য, ম্যাথু স্যামুয়েলের গোপন ক্যামেরায় তৃণমূল কংগ্রেসের নেতা মন্ত্রী সাংসদ ও পুলিশকর্তার টাকা নেওয়ার ভিডিও ২০১৬র বিধানসভা নির্বাচনের মুখে প্রকাশ্যে এলে শোরগোল পড়ে যায়।

----------------------

জম্মু-কাশ্মীরের ডোডায় জঙ্গীদের সঙ্গে গুলির লড়াইয়ে শহীদ ক্যাপ্টেন ব্রিজেশ থাপার কফিনবন্দী দেহ আজ বিশেষ বিমানে বাগডোগরায় নিয়ে আসা হয়। বিমানবন্দরের বায়ুসেনা ছাউনির আলফা জোনে মরদেহে রাষ্ট্রীয় মর্যাদায় শেষ শ্রদ্ধা জানানো হয়। তারপর তা নিয়ে যাওয়া হয় বাগডোগরার ব্যাংডুবি সেনা ছাউনিতে। সেখানে তাকে শেষ শ্রদ্ধা জানান  জানান দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ত,দার্জিলিংয়ের জেলাশাসক প্রীতি গোয়েল সহ প্রশাসনিক,পুলিশ ও সেনা আধিকারিকরা।উপস্থিত ছিলেন ব্রিজেশের বাবা অবসরপ্রাপ্ত কর্নেল ভুবনেশ থাপা,মা নিলীমা থাপা ও দিদি নিকিতা থাপা।

----------------------

যথাযথ ধর্মীয় আবহে ইসলামী বর্ষপঞ্জির পবিত্র প্রথম মাসের দশম দিনে আজ পালিত হচ্ছে মহরম। শোকের এই দিনটি নির্বিঘ্নে রাখতে সবরকম ব্যবস্থা নিয়েছে রাজ্য পুলিশ প্রশাসন।

মালদার ইংরেজবাজার থানার সাতটারি গ্রাম এবং গাজলে আজ মহরমের তাজিয়া বের হয়। লাঠি খেলায় অংশ নেন ইসলাম ধর্মাবলম্বী মানুষ। পূর্ব বর্ধমান সহ রাজ্যের অন্যান্য জেলাতেও ধর্মীয় আবহে দিনটি পালিত হচ্ছে।

কলকাতায় একাধিক রাস্তায় আজ মহরমের মিছিলের জন্য বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

---------------------- ---------------